আজকের কাগজ

তারিখ 21 JAN 1995
পৃষ্ঠা ৫ কলাম ২

৭৬টি বেসরকারি কলেজে কম্পিউটার কোর্স চালু

# মানবিক ও বাণিজ্য বিভাগের ছাত্র ছাত্রীদের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার

**সন্জয় মহাজন কল্লোল :** চলতি ৯৪-৯৫ শিক্ষাবর্ষ থেকে দেশের ৭৬টি বেসরকারি কলেজে কম্পিউটার কোর্স চালু করা হয়েছে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে শুধুমাত্র বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীরা চতুর্থ বিষয় (ঐচ্ছিক) হিসেবে এ বিষয়ে হাতে কলমে লেখাপড়ার সুযোগ পাচ্ছে।

কম্পিউটার কোর্স চালুর লক্ষ্যে সরকার গৃহীত বিজ্ঞান শিক্ষার উপর গুরুত্বারোপসহ ৭৬টি নির্বাচিত ইন্টারমিডিয়েট কলেজের "উন্নয়ন" শীর্ষক এক প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত প্রতিটি কলেজের জন্য ২ লাখ ৫০ হাজার টাকা মঞ্জুরী দেয়া হয়েছে। এর আগে অর্থাৎ ৮৮-৮৯ অর্থ বছরে এডিপিভুক্ত উল্লেখিত কলেজগুলোতে কম্পিউটার কোর্স চালুর অবকাঠামোগত সুবিধে তৈরির জন্য প্রয়োজনীয় অর্থ অনুদান হিসেবে দেয়া হয়। গত বছরের ২৬ অক্টোবর থেকে ৩০ অক্টোবরের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতর হতে সংশ্লিষ্ট কলেজসমূহে কম্পিউটার সেট সরবরাহ কম্পিউটার কোর্স চালুর ফলে বিভিন্ন বেসরকারি কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের মধ্যে উৎসাহ উদ্দীপনা দেখা গেলেও বাণিজ্য ও মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীদের মধ্যে দারুণ ক্ষোভের সঞ্চার করেছে। এ ব্যাপারে বিভিন্ন কলেজের ছাত্র-ছাত্রীদের সাথে আলাপ করে জানা গেছে, আমাদের দেশে শিক্ষা শেষে বিষয়ভিত্তিক পেশা নির্বাচনের সুযোগ যেহেতু নেই সেহেতু সব বিভাগের ছাত্র-ছাত্রীদের কম্পিউটার কোর্স প্রকল্পের আওতায় আনা উচিত। তাছাড়া মানবিক ও বাণিজ্য বিভাগের শিক্ষার্থীরা অতিরিক্ত বিষয় হিসেবে কৃষি বিজ্ঞান ও পরিসংখ্যান নিতে পারলে কম্পিউটার সায়েন্স নিতে বাধা কোথায়? উল্লেখ্য, বর্তমানে শুধুমাত্র প্রকৌশল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বিশেষ বিশেষ বিভাগের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে কম্পিউটার কোর্স চালু রয়েছে। দেশের ৭৬টি বেসরকারি কলেজে কম্পিউটার কোর্স চালু হওয়ায় প্রতিবছর ৮ থেকে ১০ হাজার ছাত্রছাত্রী এ বিষয়ে পড়াশোনার সুযোগ পাচ্ছে বলে আশা করা যায়।

চট্টগ্রামের যে সব বেসরকারি কলেজে কম্পিউটার কোর্স চালু করা হয়েছে সেগুলো হল হাটহাজারী কলেজ, নোয়াপাড়া কলেজ, বারৈয়াহাট কলেজ, কদুরখীল জলিল আম্বিয়া কলেজ। এছাড়া রাঙ্গামাটি কর্ণফুলী কলেজ, খাগড়াছড়ির রামগড় কলেজ, ফেনীর ইকবাল মেমোরিয়াল কলেজ, নোয়াখালীর সোনাপুর কলেজ, চাটখিল পঞ্চগাঁও কলেজ, কুমিল্লার গুনবতী কলেজ, লালমাই কলেজ, চাঁদপুর শেখ মুজিবর রহমান কলেজ, জিলানী চিশতি কলেজ, ভোলার আবদুল জব্বার কলেজ, লক্ষীপুরের দত্তপাড়া কলেজ, ফিরোজপুরের কবিগুরু রবীন্দ্রনাথ কলেজ, সৈয়দ বজলুল কলেজ, বরিশালের উচিরপুর আলহাজ্ব বিএস খান কলেজ, যশোরের মসিয়া হাজী কলেজ, মাগুরার আমিনুর রহমান কলেজ, নড়াইলের মুন্সি মানিক মিয়া কলেজ, মেহেরপুর এইচএম এরশাদ কলেজ, মানিকগঞ্জের এমএ রউফ কলেজ, নরসিংদী মহিলা কলেজ, ঢাকার মিরপুর গার্লস আইডিয়েল ল্যাবরেটরি ইনস্টিটিউট, শেরে বাংলা বালিকা কলেজ, টাঙ্গাইল ইসলামিক ইউনিভার্সিটি টেকনিক্যাল কলেজ, শামসুল হক কলেজ, জামালপুর সুজাত আলী কলেজ, আবদুল খালেক মেমোরিয়াল কলেজ, কিশোরগঞ্জ ওয়ালি নেওয়াজ খান কলেজ, নেত্রকোনা মহিলা কলেজ, ময়মনসিংহ সোনার বাংলা কলেজ, মহিলা কলেজ, গাজীপুর বঙ্গতাজ কলেজ, বাগেরহাট খলিলুর রহমান কলেজ, ফকিরহাট কলেজ, মোংলা কলেজ, সাতক্ষিরা সিটি কলেজ, ঝিনাইদহ লালন শাহ কলেজ, যশোর চৌগাছা কলেজ, রাজবাড়ী আদর্শ কলেজ, চুয়াডাঙ্গা পৌর কলেজ, গোপালগঞ্জ মকসুদপুর কলেজ, শরিয়তপুর নড়িয়া কলেজ, মাদারীপুর চর মুগরিয়া কলেজ, নারায়ণগঞ্জ কলেজ, মুন্সিগঞ্জ আদর্শ কলেজ, কলিমুল্লা কলেজ, ব্রাহ্মণবাড়িয়ার চরগাছা এনআই ভূইয়া কলেজ, সুনামগঞ্জের গোবিন্দগঞ্জ আবদুল হক স্মৃতি কলেজ, রাজশাহীর সারদা কলেজ, আদর্শ কলেজ, প্রেমতলী কলেজ, নওয়াবগঞ্জের শাহ কেরামত আলী কলেজ, নাটোরের শহীদ নাজমুল হক ইন্টারমিডিয়েট কলেজ, নওগাঁর রাইগাঁ কলেজ, শাহানা কলেজ, বদলগাছি কলেজ, বগুড়ার নুসরাতপুর কলেজ, রংপুর ক্যান্টনম্যান্ট পাবলিক কলেজ, শ্যামপুর কলেজ, মাহিগঞ্জ কলেজ, লালমনিরহাট করিমুদ্দিন পাবলিক কলেজ, দিনাজপুর ইছামতি কলেজ, মোসলেম উদ্দিন কলেজ, কুড়িগ্রাম রাজারহাট কলেজ, গাইবান্ধা নলডাঙ্গা কলেজ, নাটোর কলম কলেজ, সিরাজগঞ্জ জামিরতা কলেজ, পাবনা সাতবাড়িয়া কলেজ, মুহম্মদ ইয়াসিন কলেজ।